গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
www.tungipara.gopalganj.gov.bd

সেপ্টেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলার আইন- শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মঈনুল হক, উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
তারিখ : ২৫/০৯/২০২৪ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : 'বজ্রকন্ঠ' উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পূর্ববর্তী মাসের কার্যবিবরণী পড়ে শুনানো হয়। কার্যবিরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি আগস্ট ২০২৪ মাসের এ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করেন এবং মুক্ত আলোচনার জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান।

২। সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি, সংঘটিত অপরাধ চিত্র :

উপজেলার তুলনামূলক অপরাধ চিত্র :

থানার নাম	মাসের নাম	ডাকাতি	রাহাজানি	অগ্নি সংযোগ	ধর্ষণ	সিঁধেল চুরি	চুরি	গবাদি পশু চুরি	খুন	দাঙ্গা হাঙ্গামা	অস্ত্র আইন	নারী ও শিশু নির্যাতন	মাদকদ্রব্য	বিস্ফোরক দ্রব্য	এসিড নিক্ষেপ	চোরা চালান	দ্রুত বিচার
টুঙ্গিপাড়া	জুলাই/২০২৪	০	০	০	০	০১	০	০	০	০	০	০২	০৫	০	০	০	০
	আগস্ট/২০২৪	০	০	০	০	০	০	০	০	০	০	০২	০	০	০	০	০

উপর্যুক্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, জুলাই/২০২৪ মাসের চেয়ে আগস্ট/২০২৪ মাসে মামলার সংখ্যা কম হয়েছে। অপরাধ প্রবনতা যাতে বৃদ্ধি না পায় এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী বিভাগসহ সকলকে অধিকতর সজাগ দৃষ্টি রাখতে ও তৎপর হতে অনুরোধ করেন।

০৩। উপজেলা আইন শৃঙ্খলা পরিস্থিতির উপর আলোচনা :

ক) জনাব লাল বাহাদুর বিশ্বাস, চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে। দুর্গাপূজা উপলক্ষে পুলিশী টহল জোরদারকরণে সভাপতিকে অনুরোধ জানান।

খ) জনাব মোঃ আলী আহমদ শেখ, চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে। তিনি বাঁশবাড়িয়া ফাঁড়ির সংস্কারের জন্য সভাপতিকে অনুরোধ জানান।

গ) অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা বলেন, গত মাসের তুলনায় এ মাসে মামলা কম হয়েছে। অপরাধের মধ্যে নারী ও শিশু নির্যাতন ০২ ও অন্যান্য ধারায় ০২টিসহ সর্বমোট ০৪ টি মামলা রুজু হয়েছে। তিনি বলেন যে, সকলকে সচেতন হতে হবে। অপরাধের মাত্রা

Scanned with CamScanner

হ্রাস করতে সচেতনতা ছাড়া বিকল্প কিছু নেই। এ উপজেলার গুরুত্বপূর্ণ স্থানে পুলিশি পাহারা জোরদার করা হয়েছে। এছাড়াও কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটার আগে থানায় জানানোর জন্য অনুরোধ করেন। এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সার্বিক সহযোগিতা করার জন্য তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন।

সভাপতি বলেন, অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে সম্পৃক্তকরাসহ জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি করতে হবে। মদ, গাঁজা, জুয়া ও বিভিন্ন অনৈতিক কার্যকলাপের তথ্য পেলে তাৎক্ষনিকভাবে নিম্নস্বাক্ষরকারী ও অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানাকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করেন। এছাড়াও তিনি অফিসার ইন চার্জ, টুঙ্গিপাড়া, চেয়ারম্যান (সকল) টুঙ্গিপাড়া এবং সভায় উপস্থিত সকলকে বলেন যে, টুঙ্গিপাড়া উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতির কোন অবনতি না হয় সে বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে।

সভাপতি ডুমুরিয়া ইউনিয়নের করফা গ্রামে মাদক কারবারীদের হাতে নাতে ধরতে পুলিশ টহল জোরদারকরণসহ তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গশ্বহণ করতে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান।

সভাপতি বলেন, চায়না দুয়ারী জাল এর ব্যবহার দিন দিন বেড়ে চলেছে। এ উপজেলায় চায়না দুয়ারি জাল ব্যবহার/বিক্রয় বন্ধ করতে সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা ও সকল চেয়ারম্যানগণকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

সভাপতি আরো বলেন, বাংলাদেশ সংবিধানের ২১ নং অনুচ্ছেদ অনুযায়ী আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, রাষ্ট্রীয় সম্পত্তির নিরাপত্তা বিধান করা ও সুনাগরিক হিসাবে অর্পিত দায়িত্ব পালন করা সকলের কর্তব্য। এ বিষয়ে সকলকে নিজ নিজ ভূমিকা অনুযায়ী অর্পিত দায়িত্বসমূহ সুচারুরূপে সম্পাদনের জন্য সকলকে অনুরোধ করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়

ক্র. নং	আলোচ্য বিষয়	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	মাদক, জুয়া নির্মূল	মাদক, জুয়া ও সন্ত্রাস নির্মূলের লক্ষ্যে টহল জোরদার করতে হবে। চিহ্নিত মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০১। অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ
০২.	বাল্যবিবাহ, যৌতুক নিরোধ	বাল্যবিবাহ ও যৌতুক নিরোধের লক্ষ্যে সামাজিক আন্দোলন গড়তে হবে। উঠান বৈঠক, সচেতনতামূলক সভা আয়োজন করতে হবে।	০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়, গোপালগঞ্জ ০২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
০৩.	চায়না দুয়ারি জাল ব্যবহার বন্ধ করা	এ উপজেলায় চায়না দুয়ারি জাল ব্যবহার/বিক্রয় বন্ধ করতে হবে। অবৈধ দখলকৃত মাছের ঘের বন্ধ করতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০১। সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া (সকল)
০৪.	দুর্গাপূজা আড়ম্বরের সহিত উদ্‌যাপন	ক) স্বেচ্ছাসেবক টিমের তালিকা, মোবাইল নম্বরসহ প্রেরণ করতে হবে। খ) প্রতি পূজা মন্ডপে আইপি ক্যামেরা স্থাপন করতে হবে।	০১। সভাপতি/সম্পাদক, পূজা উদ্‌যাপন পরিষদ, টুঙ্গিপাড়া
০৫।	হেলমিটবিহীন মোটরসাইকেল চালনা	হেলমেটবিহীন চালক, নিয়মবর্হিভূত যাত্রীবহন, ওভারস্পীড, হাইড্রলিক হর্ণ এর ব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০১। সহকারী কমিশনার (ভূমি), টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ

Scanned with CamScanner

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে দেশপ্রেমের মহান আদর্শে উজ্জীবিত হয়ে দায়িত্বশীলতার পরিচয় দেবার অনুরোধ জ্ঞাপণপূর্বক সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
www.tungipara.gopalganj.gov.bd

স্মারক নং ০৫.৩০.৩৫৯১.০০৬.২৯.০০৬.২১-৭৬১

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৩। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
৪। প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
৫। অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
৬। উপজেলা ....কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
৭। চেয়ারম্যান..ইউপি (সকল), টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
৮। জনাব .... টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

Scanned with CamScanner